

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৪১৯৮

আগরতলা, ১৩ ডিসেম্বর, ২০২৩

**উনকোটি জেলায় জেলাস্তরের আধিকারিকদের সাথে রাজ্যপালের মতবিনিময়
উন্নয়ন প্রকল্প রূপায়ণে দপ্তরগুলিকে নিজেদের
মধ্যে সমন্বয় রেখে কাজ করতে হবে : রাজ্যপাল**



রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাথু আজ বিকেলে কৈলাসহরের সার্কিট হাউসের কনফারেন্স হলে উনকোটি জেলার জেলাশাসক ও বিভিন্ন দপ্তরের জেলাস্তরের পদস্থ আধিকারিকদের সাথে মতবিনিময় করেন। মতবিনিময়ের সময় রাজ্যপাল বলেন, উন্নয়ন প্রকল্প রূপায়ণে দপ্তরগুলিকে নিজেদের মধ্যে সমন্বয় রেখে কাজ করতে হবে। রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাথু কৈলাসহরে পৌঁছালে জেলাশাসক রাজীব দত্ত তাঁকে স্বাগত জানান। আরক্ষা বাহিনীর পক্ষ থেকে রাজ্যপালকে গার্ড অব অনার দেওয়া হয়।

জেলাশাসক ও বিভিন্ন দপ্তরের জেলাস্তরের পদস্থ আধিকারিকদের সাথে মতবিনিময়ের সময় রাজ্যপাল জেলার বিভিন্ন উন্নয়ন প্রকল্পের বিস্তারিত খোঁজখবর নেন। তিনি আধিকারিকদের বলেন আগামী ১৫ ফেব্রুয়ারির মধ্যে প্রায় শেষ পর্যায়ে আসা প্রকল্পগুলির কাজ শেষ করতে হবে। প্রসঙ্গক্রমে রাজ্যপাল বলেন, কেউ যদি বাল্যবিবাহকে উৎসাহিত করেন তাদের বিরুদ্ধে মামলা দায়ের করতে হবে। উপযুক্ত ছাত্রছাত্রীদের জন্য স্কলারশিপের ব্যবস্থা করতে হবে। নির্দিষ্ট সময়ের মধ্যে যেসব জনপদে রাস্তা, বিদ্যুৎ ও পানীয়জলের সংযোগ নেই সেখানে দ্রুত এ সমস্ত পরিষেবা পৌঁছে দিতে হবে। রাজ্যপাল উদ্যানপালন ও ভূমি সংরক্ষণ দপ্তরের আধিকারিকদের কৃষকদের আয় বাড়ানোর জন্য রেড পাম ট্রি চাষে উৎসাহিত করার নির্দেশ দেন। মতবিনিময়ের সময় ড্রাগন ফল ও আনারস চাষে কৃষকদের উৎসাহিত করার উপরও রাজ্যপাল গুরুত্বারোপ করেছেন। তাছাড়াও রাজ্যপাল স্বাস্থ্য দপ্তরের আধিকারিকদের প্রাতিষ্ঠানিক সন্তান প্রসবে উৎসাহিত করার পরামর্শ দেন। আধিকারিকদের সাথে এই বৈঠকে রাজ্যপালের সচিব উত্তম কুমার চাকমা, উনকোটি জেলার পুলিশ সুপার ভানুপদ চক্রবর্তী, কুমারঘাট ও কৈলাসহর মহকুমার মহকুমা শাসক, জেলার বিভিন্ন ব্লকের বিডিওগণ এবং বিভিন্ন দপ্তরের পদস্থ আধিকারিকগণ উপস্থিত ছিলেন।
